

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৩০৩

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد)

পরিচ্ছেদঃ ৩১/৩৬. হাওদ কাওসারের আলোচনা

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ خَالِدِ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُحَمَّد، حَدَّثَنَا مُحَمُودُ بْنُ مُهَاجِرٍ، حَدَّثَنِي الْعَبَّاسُ بْنُ سَالِمٍ الدِّمَشْقِيُّ، نُبِّنْتُ عَنْ أَبِي سَلاَمٍ الْحَبَشِيِّ، قَالَ بَعَثَ إِلَىَّ عُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ فَأَتَيْتُهُ عَلَى بَرِيدِ فَلَمَّا قَدِمْتُ عَلَيْهِ قَالَ لَقَدْ شَقَقْنَا عَلَيْكَ يَا أَبَا سَلاَمٍ فِي عَبْدِ الْعَزِيزِ فَأَتَيْتُهُ عَلَى بَرِيدِ فَلَمَّا قَدِمْتُ عَلَيْهِ قَالَ وَاللَّهِ مَا أَرَدْتُ الْمَشَقَّةَ عَلَيْكُ وَلَكِنْ مَرْكَبِكِ . قَالَ أَجَلْ وَاللَّهِ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ . قَالَ وَاللَّهِ مَا أَرَدْتُ الْمَشَقَّةَ عَلَيْكُ وَلَكِنْ مَرْكَبِكَ . قَالَ أَنْكَ تُحَدِّثُ بِهِ عَنْ ثَوْيَانَ مَوْلَى رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فِي الْحَوْضِ فَأَحْبَبْتُ أَنْ ثُشَافِهِنِي بِهِ . قَالَ فَقُلْتُ حَدَّثِنِي ثَوْيَانُ مَوْلَى رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِنَّ حَوْضِي مَا بَيْنَ الله عليه وسلم ـ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِنَّ حَوْضِي مَا بَيْنَ الله عَليه وسلم ـ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِنَّ حَوْضِي مَا بَيْنَ الله عَليه وسلم ـ أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِنَّ حَوْضِي مَا بَيْنَ عَدَنَ إِلَى أَيْلَةَ أَشَدُّ بَيَاضًا مِنَ اللَّبَنِ وَأَحْلَى مِنَ الْعَسَلِ أَوْانِيهِ كَعَدَد نُجُومِ السَّمَاءِ مَنْ شَرَبَةً لَمْ شَرْبَةً لَمْ يَظُمَأُ بَعْدَهَا أَبُدًا وَأُولُ مَنْ يَرِدُهُ عَلَىَ فُقَرَاءُ الْمُهَاجِرِينَ الدُّنُسُ ثَيْبًا وَاللهُ عُرْءُ وَلَى السُّدَدُ " . قَالَ فَبَكَى عُمَرُ وَلَيْ الشُّدُدُ " . قَالَ فَبَكَى عُمَرُ وَلَيْ السُّدُدُ لاَ جَرَمَ أَنِي الشُدُدُ لاَ جَرَمَ أَنِي وَلَا أَدْهُنُ رَأُسِي حَتَّى يَشْعَثَ .

বাংলা

৩/৪৩০৩। আবৃ সাল্লাম আল-হাবাশী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, উমার ইবনে আবদুল আযীয (রাঃ) আমাকে ডেকে পাঠান। আমি একটি খচ্চরের পিঠে সাওয়ার হয়ে তার নিকট আসি। আমি তার নিকট পৌঁছলে তিনি বলেন, হে আবৃ সাল্লাম! আমি আপনার বাহনের ব্যাপারে আপনাকে কন্ট দিয়েছি। তিনি বলেন, হাঁ, আল্লাহর শপথ! হে আমীরুল মুমিনীন। তিনি বলেন, আল্লাহর শপথ! আপনাকে কন্ট দেয়ার ইচ্ছা আমার ছিলো না। আমি জানতে পেরেছি যে, আপনি হাওয কাওসার সম্পর্কিত একটি হাদীস রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম - এর মুক্তদাস সাওবান (রাঃ) -র সূত্রে বর্ণনা করেন। আমি সেই হাদীসখানি আপনার মুখে শুনতে আগ্রহী।



আমি বললাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুক্তদাস সাওবান (রাঃ) আমার নিকট বর্ণনা করেছেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার হাওয এডেন থেকে আয়লা পর্যন্ত বিস্তৃত হবে। এর পানি দুধের চেয়েও সাদা এবং মধুর চেয়েও মিষ্টি। এর পাত্রসংখ্যা আকাশের তারকারাজির সমান। যে কেউ এই হাওয় থেকে এক ঢোক পানি পান করতে পারবে, সে আর কখনও তৃষ্ণার্ত হবে না। দরিদ্র মুহাজিরগণ সর্বপ্রথম এর পানি পানের সৌভাগ্য লাভ করবে, যাদের মাথার চুল উক্ষখুষ্ক, পোশাক ধুলি মলিন, যারা ধনবান পরিবারের মেয়েদের বিবাহ করতে পারেনি এবং যাদের আপ্যায়নের জন্য ঘরের দরজাসমূহ খোলা হয়নি। রাবী বলেন, (এ হাদীস শুনে) উমার (রাঃ) কেঁদে দিলেন, এমন কি তার দাড়ি অশ্রুসিক্ত হয়ে গেলো।

তিনি বলেন, আমি তো ধনীর দুলালী বিবাহ করেছি এবং আমার জন্য সব দরজাই তো উন্মুক্ত। এখন থেকে আমি আমার পরিধেয় বস্ত্র ময়লাযুক্ত না হওয়া পর্যন্ত ধৌত করবো না এবং মাথার চুল উষ্কখুষ্ক না হওয়া পর্যন্ত তৈল ব্যবহার করবো না।

English

It was narrated that Abu Sallam Al-Habashi said:

"Umar bin 'Abdul-'Aziz sent for me and I came to him upon the riding animal prepared for swift mail delivery. When I came to him, he said: 'We have caused you some trouble O Abu Sallam.' He said: 'Yes, by Allah, O Commander of the Believers!' He said: 'By Allah, we did not want to cause you any hardship, but there is a Hadith which I have heard that you narrate from Thawban, the freed slave of the Messenger of Allah (ﷺ), concerning the Cistern, and I wanted to hear it directly from you.' He said: "I said: 'Thawban, the freed slave of the Messenger of Allah (繼), told me that the Messenger of Allah (ﷺ) said: "My Cistern is (wider than) the distance between Ailah and 'Aden. It is whiter than milk and sweeter than honey, and its cups are as many as the stars in the sky. Whoever drinks from it will never feel thirst again. The first ones who come to drink from it will be the poor Muhajirin, with dirty clothes and disheveled hair, who do not marry refined women and for whom no doors are opened." 'Umar wept until his beard became wet, then he said: 'But I have married refined women and doors have been opened for me. Certainly I will not wash the clothes that are on my body until they become dirt, and I will not comb my hair until it becomes disheveled.""

ফুটনোট

তিরমিয়ী ২৪৪৪, সহীহাহ ১০৮২, আস-সুন্নাহ লি ইবনু আসিম ৭০৭, ৭০৮, মিশকাত ৫৫৯২। তাহকীক আলবানীঃ সহীহ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন